

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-০৯/মুসক/২০২২ তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, তৃতীয় তফসিল এর অনুচ্ছেদ ৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৩/মুসক/২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের- অনুচ্ছেদ ৩ এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

- “(গ) আমদানিকৃত পণ্য পাইকারী ব্যবসায়ী কর্তৃক এই আদেশের আওতায় বিক্রয়ের ক্ষেত্রে আমদানিকালে প্রদত্ত আগাম কর (AT) ফেরত গ্রহণ করা যাইবে না; এবং
- (ঘ) সংশ্লিষ্ট কমিশনারের অনুমোদনের ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে “পরিশিষ্ট-খ” অনুযায়ী পাইকারী ব্যবসায়ী হিসেবে প্রত্যয়ন পত্র গ্রহণ করিতে হইবে।”।

০২। এই আদেশ ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(জাকিয়া সুলতানা)
সদস্য (মুসক নীতি)